

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ  
ট্রেজারি ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ  
প্রশিক্ষণ শাখা

নং-অম/অবি/ট্রেস্বব্যঅ/প্রশাঃ/প্রশিক্ষণ/বিবিধ/২০০৮/৩৩৪

তারিখ: ০৩.১১.২০০৮

পরিপত্র

বিষয়: বৈদেশিক প্রশিক্ষণ থেকে প্রত্যাবর্তনের পর প্রতিবেদন দাখিল।

বিশ্বায়নের ফলে আর্থিক ব্যবস্থাপনাসহ বিশেষায়িত অন্যান্য ক্ষেত্রে ধারণাসমূহ দ্রুত পরিবর্তিত হচ্ছে। ধ্যান-ধারণার ক্রম বিবর্তমান ধারার সাথে মানিয়ে নেয়ার জন্য বিভিন্ন পন্থায় স্ব-স্ব অধিক্ষেত্রে প্রশিক্ষণ গ্রহণ প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, শিক্ষাসফর, সভা-সম্মেলন একটি চলমান প্রক্রিয়া। প্রশিক্ষণ জ্ঞান ও কর্মদক্ষতা বৃদ্ধি করে এবং দৃষ্টিভঙ্গিতে ইতিবাচক পরিবর্তন আনতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। প্রশিক্ষণলব্ধ জ্ঞানের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে বিদেশে প্রশিক্ষণ, সেমিনার, কর্মশালা, শিক্ষাসফর সভা-সম্মেলন এবং অন্যান্য পদ্ধতিতে আহরিত অভিজ্ঞতার যথাযথ প্রয়োগ জরুরী।

০২। অর্থ বিভাগ অর্থনৈতিক নীতি-পদ্ধতি প্রণয়ের কেন্দ্রবিন্দু। যুগোপযোগী নীতি-পদ্ধতির অনুসরণ ক্রমপরিবর্তনশীল বিশ্বের সাথে বাংলাদেশের উন্নয়ন প্রক্রিয়াকে সামঞ্জস্যপূর্ণ সরতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বিভিন্ন বিষয়ে এ বিভাগের কর্মকর্তাদের গৃহীত প্রশিক্ষণের অভিজ্ঞতা বিনিময় এবং এর সফল প্রয়োগের উপর দেশের উন্নয়ন কর্মকান্ডের ইতিবাচক গতিধারা বহুলাংশে নির্ভরশীল।

০৩। এ বিবেচনায় অর্থ বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তাদের বিদেশে প্রশিক্ষণ থেকে প্রত্যাবর্তনের ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে সংযুক্ত ফরমে একটি প্রতিবেদন (সচিব, অনুবিভাগ প্রধান এবং প্রশিক্ষণ শাখায় এক প্রস্থ করে) দাখিল নিশ্চিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রতিবেদন দাখিলের পাশাপাশি এখন থেকে প্রত্যাবর্তনকারী কর্মকর্তারা সাপ্তাহিক সেমিনারে Presentation এর মাধ্যমে অভিজ্ঞতা বিনিময় করবেন। ১লা অক্টোবর, ২০০৮ বা তার পরবর্তী সময়ে বিদেশে প্রশিক্ষণে গমন বা প্রত্যাবর্তনকারী কর্মকর্তাদেরও সংযুক্ত ছকে প্রতিবেদন দাখিল করতে হবে।

সংযুক্ত: Feed back Form

ড. মোহাম্মদ তারেক  
সচিব